R. N. No. 2532/57 | Phone No. 66-228, STD 03483 | Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন : ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
স্থাপিত : ১৯১৪

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৪শ বর্ষ
১৭শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২৪শে ভাদ্র বুধবার, ১৪০৪ সাল।
১০ই সেপ্টেম্বর, ১৯৯৭ সাল।

নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## জঙ্গিপুর সদর হাসপাতালের হাল হকিকত :

## নতুন সুপার আসার পরেও ডাক্তার-নার্স-অন্যান্য কর্মী প্রত্যেকেই অবহেলায় গা ভাসিয়ে দিয়েছে

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর হাসপাতালের হাল ফেরাবার জন্য লালবাগ হাসপাতাল থেকে মইনুল হককে এনে সুপারের চার্জে বসানো হয়। তিনি নিয়মবিধি মেনে হাসপাতাল পরিচালনায় মন দেওয়ায় বর্তমানে দীর্ঘদিনের অনেক বেনিয়ম নিয়মে এসেছে। ওষুধ বা অন্যান্য সরঞ্জামের আগে যেভাবে এলোপাথারি লোকাল পারচেজ হতো তা আর হচ্ছে না। জেলা রিজার্ভ ষ্টোর থেকে বিছানা, মশারি প্রয়োজন মাফিক আনা হয়েছে এবং রোগীদের ব্যবহারে লাগানো হয়েছে। অভিযোগ পূর্বে রিজার্ভ ষ্টোর থেকে আনা গদি-বালিশ-চাদর কর্মীদের ভোগেই লাগতো, ফলে রোগীদের দুর্ভোগ কমতো না। বর্তমানে যা অব্যবস্থা ঘটছে সেটুকু ডাক্তারবাবুদের মনের অমিলের জন্য। ডাক্তারদের নিয়মমাফিক ডিউটি সপ্তাহে ৪২ ঘণ্টা। কিন্তু সেখানে ১২ ঘণ্টা ডিউটিও তাঁরা দেন না। সরকারী নিয়মে আউটডোর ৭-৩০ মিঃ থেকে ২-৩০ মিঃ পর্যন্ত। সেখানে ডাক্তাররা নিজেদের প্রাইভেট চেম্বার সেরে ৯ টায় আসেন, থাকেন বড়জোর ১১টা। নতুন বিজ্ঞপ্তি মোতাবেক অনেক হাসপাতালে ইদানিং বিকালে ৩-৩০ মিঃ থেকে ৫-৩০ মিঃ পর্যন্ত আউটডোর চলে। কিন্তু সে প্রথা এখানে এখনও চালু হয়নি। এমনকি ইমারজেনসি ডিউটি অনেক সময় কর্তৃপক্ষকে না জানিয়েও বন্ধ রাখা হয়। বর্তমানে এখানে রয়েছেন স্থায়ী ডাক্তার ২৬ জন, ২ জন ডেপুটেশনে। সেক্ষেত্রে ২৫০ বেডের হাসপাতালে অসুবিধা হবার কথা নয়। অবশ্য দীর্ঘদিন থেকে এখানে রেডিও-লজিষ্ট, অর্থোপেডিক্স এবং ই. এন. টি বিশেষজ্ঞ নেই। প্রধান অসুবিধা নার্সদের ঠিকমত পরিচালনা করতে না পারা। পূর্বে মেনকা ঘোষ, সাধনা ব্যানার্জী ও নিরুপমা রায়কে ওয়ার্ড-ইন-চার্জের দায়িত্ব দেওয়া হয়। কিন্তু এদেরকে দায়িত্ব দেওয়া নিয়ে অন্যান্য সিনিয়র নার্সরা আপত্তি তোলায়, বর্তমান সুপার এঁদের দাবীর যৌক্তিকতা স্বীকার করে ঐ তিনজনকে সাধারণ নার্সের দায়িত্ব গ্রহণের নির্দেশ দেন। সে নির্দেশের বিরুদ্ধে হাইকোর্ট থেকে সাধনা ব্যানার্জীর দায়ের করা মামলায় স্থগিতাদেশ নিয়ে আসায় তা কার্যকর করা সম্ভব হয়নি। হাসপাতালে নার্সিং সুপার ১ জন, ডেপুটি নার্সিং সুপার ১ জন এবং ওয়ার্ড-ইন-চার্জ নিয়ে ৫৯ জন নার্স আছেন। অন্যদিকে তিন শিফটে কাজ করবেন পাল্টাপাল্টি করে এই নির্দেশে হাসপাতালে তিনজন ওয়ার্ড মাষ্টার আছেন। কিন্তু প্রায়ই দেখা যায় তাঁরা নিজেদের মধ্যে সমঝোতা করে ১ জনেই তিনজনের কাজ চালান। ফলে ১ জন বা ২ জন প্রায়ই অলিখিত ছুটি ভোগ করেন। জি, ডি, এ ধীরেন প্রামানিককে হাত করে ওয়ার্ড মাষ্টারের ফাঁকগুলো ভরাট করা হয়। তার ফলে ওয়ার্ডের অভাব অভিযোগ দেখাশোনা ঠিকমত হয় না। রাতের দিকে কোন ওয়ার্ড মাষ্টার থাকেন না। এই ডামাডোলের জন্যই কিছুদিন আগে ওয়ার্ড মাষ্টারের ঘরের টেলিফোনটি চুরি যায়। ( চলবে )

## পঞ্চায়েত নির্বাচনের মুখে তৃণমূল কংগ্রেসের ব্লকে ব্লকে কমিটি গঠনের প্রস্তুতি

রাজনৈতিক সংবাদদাতা : রাজ্য তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠাত্রী নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সম্প্রতি ঘোষণা করেন তাঁর গোষ্ঠী আগামী পঞ্চায়েত নির্বাচনে রাজ্যব্যাপী প্রার্থী দেবার প্রস্তুতি নিচ্ছেন। সেই অনুযায়ী ব্লকে ব্লকে তৃণমূল কংগ্রেস কমিটি গঠিত হচ্ছে বলে খবর। রঘুনাথগঞ্জ শহরে ফাঁসিতলা পাঠশালাতে গত ৬ সেপ্টেম্বর রঘুনাথগঞ্জ ব্লক তৃণমূল কংগ্রেসের কমিটি গড়তে রণজিত পাণ্ডে, সমীর পণ্ডিত ও আবুল কাশেমের আহ্বানে এবং ধুলিয়ান ও জঙ্গিপুর পুরসভা তৃণমূল কংগ্রেসের কমিটি গড়তে গত ৫ সেপ্টেম্বর জঙ্গিপুরের গোফুরপুর বরোজের গুলজার মঞ্জিলে ( শেষ পৃষ্ঠায় )

## গৌতম হত্যার আসামী মাধাই সাময়িক জামিন পেল

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ভাগীরথীর বালির চরে গত ২৪ জুন রাতে গৌতমকে হত্যার অভিযোগে ২৭ জুন ধৃত আসামী মাধাই হালদার বহরমপুর জজকোর্ট থেকে সাময়িক জামিন পেল গত ৮ সেপ্টেম্বর। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে ইন্টারভ্যু-এর ডাক আসার পরিপ্রেক্ষিতে মাধাই-এর পক্ষ থেকে জামিনের আবেদন জানিয়ে জজকোর্টে মুভ করা হলে এই জামিন মঞ্জুর হয় বলে জানা যায়।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারস্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
(ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

২৪শে ভাদ্র বুধবার, ১৪০৪ সাল।


## ।। ৺মাদার টেরিজা ।।

যে সব বিদেশিনী বিভিন্ন সময়ে ভারতবর্ষে আসিয়া ভারতের জনগণের সেবায় আত্মনিয়োগ করিয়া প্রাতঃস্মরণীয়া হইয়াছেন, তাঁহাদের মধ্যে ভগিনী নিবেদিতা এবং মাদার টেরিজা স্ব স্ব বৈশিষ্ট্যে উজ্জ্বল হইয়া রহিয়াছেন। বিংশ শতাব্দীর শেষ লগ্নে মাদার টেরিজা স্বমহিমায় ভাস্বর ছিলেন। গত ৫ই সেপ্টেম্বর শুক্রবার রাত্রি সাড়ে নয়টায় ৮৭ বৎসর বয়সে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করিয়া চিরশান্তিধামে প্রস্থান করিয়াছেন। তাঁহার মৃত্যুতে বিশ্বের সর্বত্র শোকে আলোড়িত হইয়াছে। কলিকাতায় মিশনারিজ অব চ্যারিটিতে নানা স্থান হইতে গভীর শোক প্রকাশের বাণী আসিতেছে। মাদারের মরদেহ আগামী শনিবার সমাহিত হইবে।

ভগিনী নিবেদিতার যেমন প্রকৃত নাম ছিল মার্গারেট ই নোবেল, মাদার টেরিজার তেমনি পূর্ব নাম ছিল অ্যাগনেস কোনাক্সা বেজাক্সিহিউ। যুগোশ্লাভিয়ার এক শহরে ১৯১০ সালের ২৩ আগষ্ট তাঁহার জন্ম হয়। শিক্ষকতাকে কর্ম হিসাবে গ্রহণ করিয়া তিনি কলিকাতায় সেণ্ট মেরি স্কুলে ভূগোলের শিক্ষিকা হিসাবে যোগদান করেন। ইহার পর তিনি লরেটো স্কুলে যোগ দেন।

১৯৪৬ সালের ১০ই সেপ্টেম্বর তাঁহার জীবনের স্মরণীয় মুহূর্ত হিসাবে চিহ্নিত হয়। ওই দিন তিনি দার্জিলিং যাওয়ার পথে প্রভু যিশুর বাণী শুনিয়াছিলেন। এই বাণী ছিল আর্ত ও দরিদ্রের সেবায় আত্মনিয়োগ করিবার আহ্বান। মাদার ইহাতে গভীরভাবে অনুপ্রাণিত হইলেন। তাঁহার কাছে এই দিনটি ছিল 'ইন্স্পিরেশন ডে'। ভ্যাটিকান মাদারের ইচ্ছায় সম্মতিদান করিলে তিনি বিদেশী বেশভূষা ত্যাগ করিয়া নীল পাড়ের সাদা শাড়ি পরিয়া মাদার টেরিজা নাম গ্রহণ করিলেন এবং আর্ত, অনাথ ও দরিদ্রের সেবায় আত্মনিয়োগ করিলেন। আমৃত্যু মাদার এই কর্মে ব্রতী ছিলেন। ১৯৪৮ সালে তিনি ভারতীয় নাগরিকত্ব গ্রহণ করেন।

মিশনারিজ অব চ্যারিটি অনুমোদনপ্রাপ্ত হইলে কলিকাতার ৫৪ এ আচার্য জগদীশচন্দ্র বোস রোডে ইহার ভবন স্থাপিত হয়। কলিকাতা পুরসভার পক্ষ হইতে কালীঘাটের সন্নিকটস্থ একটি বাড়ী মাদারকে দেওয়া হইলে সেখানে কুষ্ঠরোগী এবং অনাথ শিশু ও বৃদ্ধের সেবার জন্য 'নির্মল হৃদয়' প্রতিষ্ঠিত হয়। মাদারের অক্লান্ত কর্মধারা চলিতে থাকে। পৃথিবীর নানা স্থানে মিশনারিজ অব চ্যারিটির কাজ লইয়া তাঁহাকে যাইতে হয়। সর্বত্রই তিনি প্রেম-ভালবাসা ও শান্তির দূত হইয়া তাঁহার সেবাধর্ম অব্যাহত গতিতে চালাইতে থাকেন। 'বহুরূপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর/জীবে প্রেম করে যেইজন সেইজন সেবিছে ঈশ্বর।' —স্বামী বিবেকানন্দের এই বাণীর রূপ দিয়াছেন মাদার।

হিংসা-হানাহানির পৃথিবীতে তিনি এক প্রান্ত হইতে অপর প্রান্তে বহন করিয়াছিলেন শান্তির ললিত বাণী। কর্মের স্বীকৃতিস্বরূপ মাদার টেরিজার বহু সম্মানে ও পুরস্কারে ভূষিত করা হয়। তিনি 'পদ্মশ্রী,' 'ভারতরত্ন' ও বিশ্বভারতীর দেশিকোত্তম পান এবং ম্যাগসেসে পুরস্কার, ২৩তম পোপ জন শান্তি পুরস্কার, কেনেডি আন্তর্জাতিক পুরস্কার, নেহরু পুরস্কার, নোবেল শান্তি পুরস্কার লাভ করেন।

সর্বজন নমস্যা মাদার টেরিজার পূত আত্মার প্রতি আমরা প্রণতি জানাইয়া তাঁহার আত্মার সার্বিক শান্তির জন্য প্রার্থনা জানাইতেছি।

## ষ্টুডেণ্টস্ হেলথ হোমের উদ্বোধন

রঘুনাথগঞ্জ : গত ২ সেপ্টেম্বর স্থানীয় পুরাতন হাসপাতাল প্রাঙ্গণে জঙ্গিপুর মহকুমা ষ্টুডেণ্টস্ হেলথ হোমের উদ্বোধন অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে সংগঠনের রাজ্য সাধারণ সম্পাদক সুবীর দাশগুপ্ত, মুর্শিদাবাদ জেলার আহ্বায়ক প্রভাত রায়চৌধুরী উপস্থিত ছিলেন। সংগঠনের স্থানীয় সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন। সহযোগিতায় ছিলেন স্থানীয় আহ্বায়ক সুশান্ত পাণ্ডে। সভায় সিদ্ধান্ত হয় আপাততঃ গার্লস স্কুলের টিচারস্ মেসের আবাসটি সংস্কার করে পুজোর পর হোমের কাজ শুরু হবে। পরিকল্পনা অনুযায়ী সপ্তাহে ৬ দিন ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ও ওষুধপত্রের ব্যবস্থা করা হবে। পরে পুরসভা স্থানীয় পরিত্যক্ত মর্গ ঘরের যে নয় শতক জায়গা হোমকে দিয়েছে সেখানে হোমের স্থায়ী অফিস ঘর নির্মিত হবে।

### পঃ বঃ রাজ্য সরকারী পেনশনার্স সমিতি বৃদ্ধাবাস স্থাপন করছেন

বিশেষ সংবাদদাতা : বৃদ্ধ বয়সে বহু বৃদ্ধ-বৃদ্ধা পরিবার পরিজনদের অবহেলা পেয়ে বড় কষ্টে দিনযাপন করেন। তাঁদের সেই অবস্থা লাঘব করতে পেনশনার্স সমিতি কলকাতার নিকটবর্তী বেহালাতে একটি বৃদ্ধাবাস নির্মাণের পরিকল্পনা নিয়েছেন। জঙ্গিপুর মহকুমা পেনশনার্স সমিতির পক্ষে সম্পাদক প্রভাত দাস এ খবর জানান।

## তোমারি জন্মের জন্য

### বাবলু ব্রহ্ম

স্বাধীনতা ; তোমার সুবর্ণজয়ন্তীর কোলে
মাথা রেখে
চনমনে প্রাণশক্তি ঠাসা মুখগুলো
সাত রঙা ভবিষ্যৎ-সূর্য্যটাকে যখন
তালুবন্দী করার আপ্রাণ চেষ্টায় ব্যর্থ,
তখন রাত ভোর আতসবাজির সাথে
লেসারের চোখ ধাঁধান কৃত্রিম কারসাজি
জানান দিচ্ছিল তোমার স্বর্ণচ্ছটার চমক ।।
সুবর্ণজয়ন্তী বলে কথা,—
সাত সকালে ঠাণ্ডা মেসিন লাগান
ঝকঝকে গাড়ীর চকচকে গদিতে বসে
বিদেশী গন্ধে ফিনফিনে পাঞ্জাবি ভিজিয়ে
তোমাকে স্মরণীয় করতে বরণীয় মানুষেরা
তেরঙ্গা পতাকার জন্য মিলেমিশে এক রং।
এটিই নাকি বৈজ্ঞানিক বাস্তব তত্ত্বের প্রথম পাঠ
শিখতে হয়েছে অর্ধশতাব্দীর বহু পরিশ্রমে ;
একদা বাঁচার লড়াইয়ে সুর করা শব্দগুলো
ডানা মেলেছে বাঁচার অভিধান থেকে,
চলছে নবতন্ত্রের ট্রেনিং—ভাগ করে খাওয়া ।।
স্বাধীনতা ; তোমার সুবর্ণজয়ন্তীর কোলে
মাথা রেখে
বাহারী শাড়ির আঁচলের বাতাসে ঠাণ্ডা হচ্ছে
হাওলা-গাওলা আর মাফিয়ারাজের
সোনার পালক,
ঠিক তখনই চলছে ভ্রষ্টাচারের শীর্ষে তৈরী
কাচ ঘরের হুংকার— ভ্রষ্টাচারের বিরুদ্ধে ;
নিচে সামনের সারির চেয়ারে উঠছে হাই
কেউবা ব্যস্ত লিপষ্টিকের অবস্থান নিয়ে।
পিছনের সারির চেয়ারে ময়লা জামা একজন
কিছুতেই বসতে পারছে না। রবাহূত তাই
অথচ তাঁর যৌবনের অমূল্য প্রাণশক্তির সবটুকু
নিংড়ে নিয়েছিল আন্দামানের অন্ধকার সেল
তোমারই জন্মের জন্য—স্বাধীনতা।

### দু'পক্ষের গোলমালে একজন খুন

নিজস্ব সংবাদদাতা : গত ২১ আগষ্ট সুতী থানার বামুহা গ্রামে দু'পক্ষের গোলমালে ইসরাইল সেখ নামে জনৈক ব্যক্তি খুন হন। তাকে রক্ষা করতে গিয়ে তার ভাই আয়ুব সেখও গুরুতর আহত হয়। তাকে জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে। খবরে প্রকাশ ইসরাইলের মেয়ের ঐ গ্রামেই বিয়ে হয়। মেয়ে তার বাবাকে জানায় শ্বশুর বাড়ীতে তার উপর অত্যাচার হচ্ছে। এই নিয়ে কিছুদিন থেকে মন কষাকষি চলছিল। ঘটনার দিন মেয়ের শ্বশুর বাড়ীর লোকদের আক্রমণে ইসরাইল খুন হয় ও তার ভাই আহত হয়। উল্লেখ্য ইসরাইল ঐ গ্রামের একজন নামকরা দুষ্কৃতি। গত ৮৬ সালে তার নামে রেপকেস ও ৯৩ এবং ৯৫ সালে বনদপ্তরের কাঠ চুরি ও খুনের কেসও হয়। পুলিশ ইসরাইলের খুনের ব্যাপারে ৭ জনকে গ্রেপ্তার করেছে বলে জানা যায়।

### মহকুমায় ডি আর ডি এ সার্ভে শুরু হচ্ছে

নিজস্ব সংবাদদাতা ঃ মহকুমা শাসক অফিস সূত্রে জানা যায় জঙ্গিপুর মহকুমায় ডি আর ডি এ সার্ভে শুরু হচ্ছে। সার্ভে মারফৎ গ্রামের মানুষের আর্থ সামাজিক অবস্থার সমীক্ষা চালান হচ্ছে ঘরে ঘরে গিয়ে ৮ সেপ্টেম্বর থেকে। চলবে জানুয়ারী '৯৮ পর্যন্ত। এই সমীক্ষা চালাবেন সরকারী কর্মীরা। সমীক্ষা শেষে মহকুমা শাসক অফিস থেকে রিপোর্ট পাঠাতে হবে প্ল্যানিং কমিশনের কাছে। প্লানিং কমিশন যাতে দরিদ্র দূরীকরণ কর্মসূচী গ্রহণ করে আর্থিক উন্নতি করতে পারেন তার স্বার্থেই এই সমীক্ষা।

১৯৭৫ থেকে ১৯৯৭। উত্তরপ্রদেশের সিংরাউলি থেকে ওড়িশার তালচের। ১৬টি পাওয়ার স্টেশন। সারাদেশে ১৬৭৯৫ মেগাওয়াট বিদ্যুৎ।

স্বাধীনতার ৫০ বছর
শক্তিতে বিকাশ




এন টি পি সি, আজ ভারতের সবথেকে বড় বিদ্যুৎ উৎপাদক সংস্থা। স্বাধীনতার ৫০ বছরে, এন টি পি সি-র উজ্জ্বল উপস্থিতি – সগৌরবে।

এনটিপিসি NTPC
ন্যাশনাল থার্মাল পাওয়ার করপোরেশন লিঃ
(ভারত সরকারের একটি উদ্যোগ)
ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার স্টেশন

ভারতের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে আমাদের শ্রদ্ধার্ঘ

কি কিনবেন কোথায় কিনবেন

## পুজোয় চাই বাটার জুতো

পুজোর সর্বাঙ্গীণ আনন্দ বাড়িয়ে তুলে পরিবারের সকলের মুখে হাসি ফোটাতে চাই জুতো। আর জুতোর জগতে সেরা নাম একটাই *'বাটা'*। *বাটার* সবরকম জুতোর সমারোহ আমাদের এখানে, এই শহরেই। আসুন পছন্দসই *বাটার* জুতো কিনুন। টেকসই, পছন্দসই, মানানসই সব বয়সের জন্য।

*অনুমোদিত ডিলার—*

**অরিজিৎ দে**

*( ভি আই পি দুলুর দোকানের পাশে )*

রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

### পাত্র চাই

পাত্রী বৈশ্য সাহা, ২৫ বৎসর ( ৫′—১″ ) বি. এ. পাশ। সরকারী চাকুরিরতা, সুশ্রী, লাবণ্যময়ী। সবর্ণ/অসবর্ণ চাকুরে পাত্র চাই।

পত্রালাপ করুন :

*সুকুমার সাহা*

গ্রাম মির্জাপুর, পোঃ গনকর, জেলা মুর্শিদাবাদ, পিন : ৭৪২২২৭

### *বিজ্ঞপ্তি*

আমি শিশিরকুমার রায়, পিতা ৺যদুপতি রায়, সাং ব্রাহ্মণটুলি, পোঃ খোদারামপুর, থানা রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, আমার জ্যেষ্ঠ পুত্র স্বদেশকুমার রায় দীর্ঘ ১০/১২ বৎসর যাবৎ মানসিক ভারসাম্য হারাইয়াছে। সে বহুদিন যাবৎ বহরমপুরে ডাঃ হাসানের চিকিৎসাধীন আছে।

স্বাঃ *শিশিরকুমার রায়*

**ETDC**

( A unit of Govt. of West Bengal )

**Stands for Quality & Reliability**

ওয়েবসি




পশ্চিমবঙ্গ সরকারের কুটির ও ক্ষুদ্র-শিল্প দপ্তরের বিপনন সহায়তা প্রকল্পের অধীনে একটি সাধারণ ব্র্যাণ্ড




- উজ্জ্বল
- টেক্‌সই
- সুনিশ্চিত গুণমান
- ন্যায্য মূল্য

ডিস্ট্রিবিউটারশিপের জন্য ঃ
ইলেক্ট্রনিক্স টেস্ট এ্যাণ্ড ডেভলাপমেন্ট সেন্টার
৪/২, বি.টি রোড, কলিকাতা - ৫৬, দূরভাষ ঃ ৫৫৩-৩৩৭০

### *বাড়ী বিক্রয়*

জঙ্গীপুর মহকুমার অন্তর্গত এলাকার সংলগ্ন বাবুবাজারের একশতক জায়গার উপর একটি পাকা গৃহ দোকান বাড়ী বিক্রয় হইবে। উপযুক্ত দামে ক্রয় করিলে যোগাযোগ করুন।

যোগাযোগের ঠিকানা—
*আমিনুল ইসলাম*
হাটতলা, পোঃ রামপুরহাট
( বীরভূম )

## কার্ডস ফেয়ার

এখানে সবরকমের কার্ড পাওয়া যায়।

*রঘুনাথগঞ্জ !! মুর্শিদাবাদ*
ফোন : ৬৬২২৮

### ভুতুরে বিলের অঙ্কে কনজিউমাররা হতভম্ব

গনকর : স্থানীয় টেলিফোন গ্রাহকরা গত ২১/৭/৯৭ তারিখযুক্ত যে টেলিফোন বিল পেয়েছেন তা দেখে তাঁদের চক্ষু চড়কগাছ। বেশীর ভাগ বিলই ৩৭০০ টাকার উপর। খোঁজ নিয়ে জানা যায় তাঁরা নাকি বেনারস ও বাঙ্গালোরে এসটিডি করায় এই বিল হয়েছে। কিন্তু গ্রাহকরা এই এসটিডি কোন দিনই করেননি। গোপন সূত্র থেকে গ্রামবাসীরা জানতে পারেন গনকর এক্সচেঞ্জের ভারপ্রাপ্ত কমিটি নাকি কয়েকজন ব্যবসাদারের সঙ্গে যোগসাজশে অন্তর টেলিফোনে ট্যাপিং করে এই কাণ্ড ঘটিয়েছেন পয়সার বিনিময়ে। ক্ষতিগ্রস্ত গ্রাহকরা ঊর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে সুবিচারের আশায় ব্যক্তিগতভাবে লিখিত অভিযোগ করেছেন বলেও জানা যায়।

### এক খেপা হনুমান মারতে গিয়ে তিন হনুমান মারা গেল

সাগরদীঘি : এই ব্লকের বাজিয়া গ্রামে একটি হনুমান খেপে যায়। তার আক্রমণে গ্রামের পথচারীরা প্রায়শতই আহত হতে থাকে। মোটর সাইকেল, বাস, ট্রাকের হর্ণের শব্দেও খেপা হনুমানটি লোকজনকে তেড়ে এসে সামনে যাকে পেত তাকেই কামড়ে দিতো। বিডিও, প্রধান প্রমুখের কাছে দরখাস্ত দিয়েও কোন ফল না পাওয়াই, শেষ পর্যন্ত গ্রামের মানুষ একত্রিত হয়ে লাঠি, বর্শা প্রভৃতি নিয়ে হনুমান আক্রমণে ব্রতী হয়। গ্রাম্য মানুষদের যৌথ আক্রমণে তিনটি হনুমান মারা যায়। বেশ কিছু মানুষও আহত হয়। তিনটি মৃত হনুর মধ্যে খেপা হনুমানটিকে সনাক্ত করে গ্রামের মানুষেরা। বদলা নিলেও মানুষেরা কিন্তু রাম অনুচরদের প্রতি শ্রদ্ধা দেখাতে ত্রুটি করেনি। তিনটি হনুমানকেই শোভাযাত্রা সহকারে গঙ্গায় ভাসিয়ে দেয় তারা।

### কমিটি গঠনের প্রস্তুতি

(১ম পৃষ্ঠার পর)

তানজিলুর রহমান, ইস্তেকাব আলম এবং ইসমাইল সেখ ( ধুলিয়ান ) এর আহ্বানে সভা অনুষ্ঠিত হয় বলে জানা যায়। ঐ দুটি আমন্ত্রণ-পত্রে জেলা তরফে পর্যাবেক্ষক সেখ মোঃ ফুরকান, সুবোধ দাস ও শুভাশিষ রায় উপস্থিত থাকবেন বলেও জানানো হয়। সভাগুলি অনুষ্ঠিত হলেও দলীয় গোপনতায় নির্বাচিত পরিচালকদের নাম জানা সম্ভব হয়নি। খবর মহকুমার অন্যান্য ব্লকেও সভা অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় বিধায়ক মোঃ সোহরাবের সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন এ সম্বন্ধে তাঁর কিছু জানা নেই। তিনি তৃণমূল বোঝেন না। তিনি কংগ্রেস, এই তাঁর পরিচয়।


মহাপূজায় সকলের জন্য আমরা—

**রঘুনাথগঞ্জ ব্লক নং-১**

**রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ**

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং-২০ ✶ তারিখ-২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং-৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

✪ সততাই আমাদের মূলধন ✪

সনাতন দাস, সভাপতি — ধনঞ্জয় কাদিয়া, ম্যানেজার — সনাতন কালিদহ, সম্পাদক



**বিশেষ আকর্ষণ : বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই ছাপা শাড়ী।**



আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিণ্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

**বাঘিড়া ননী এণ্ড সন্স**

মির্জাপুর ।। গনকর

ফোন নং : গনকর ৬২০২৯



আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

**✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚**

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ✶ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—ডাঃ সাহা

ডি. এম্. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার, কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।